



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়  
প্রশিক্ষণ ও বাস্তবায়ন বিভাগ  
নায়েম রোড, ধানমন্ডি, ঢাকা ১২০৫  
[www.naem.gov.bd](http://www.naem.gov.bd)



স্মারক নম্বর: ৩৭.০৪.২৬৬৩.৩০০.২৫.০০৫.১৯.১৪

২৫ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ  
তারিখ: ০৮ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

**বিষয়: বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডার কর্মকর্তাগণের জন্য অনুষ্ঠিতব্য ৫০তম শিক্ষা গবেষণা পদ্ধতি প্রশিক্ষণ কোর্সে মনোনয়ন**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে তাঁকে জানানো যাচ্ছে যে, বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তাগণের জন্য ৫০তম 'শিক্ষা গবেষণা পদ্ধতি' প্রশিক্ষণ কোর্স আগামী ২২/০৪/২০২৪ থেকে ০৫/০৬/২০২৪ খ্রি. তারিখ (০৯ বৈশাখ-২২ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ) পর্যন্ত নায়েমে অনুষ্ঠিত হবে। এই কোর্সের প্রশিক্ষণার্থী হিসেবে তাঁকে নির্দেশক্রমে মনোনয়ন দেয়া হয়েছে। আগামী ২২/০৪/২০২৪ খ্রি. তারিখ সোমবার সকাল ০৮.০০টায় নায়েম-প্রশাসনিক ভবনের নিচতলায় ওয়ান-স্টপ সার্ভিস সেন্টারে তাঁকে রিপোর্ট করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

নিম্নলিখিত বিষয়সমূহের প্রতি তাঁর দৃষ্টি আকর্ষণ করছি:

১. প্রশিক্ষণকোর্সের কার্যক্রম প্রতিদিন সকাল ০৯.০০টা থেকে বিকাল ০৪.০০টা পর্যন্ত চলবে, তবে অনিবার্য কারণে তা পরিবর্তন ও পরিবর্ধন করা হবে।
২. প্রশিক্ষণ কোর্সটি সম্পূর্ণ আবাসিক;
৩. প্রশিক্ষণার্থীগণের ব্যক্তিগত ব্যয় যেমন- খাবার, শিক্ষাসফর ও অন্যান্য আনুষঙ্গিক ব্যয় নির্বাহের জন্য প্রত্যেককে কমপক্ষে ২০,০০০.০০ (বিশ হাজার টাকা) সাথে আনার জন্য অনুরোধ করা হলো;
৪. বিধি মোতাবেক অংশগ্রহণকারীকে ভ্রমণ ও দৈনিক ভাতা নায়েম থেকে প্রদান করা হবে। প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীগণকে এ অফিসে ভ্রমণ ও দৈনিক ভাতার বিল জমা দিতে হবে। প্রাপ্ত বিল শিক্ষা মন্ত্রণালয়ের প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার অফিস হতে অনুমোদিত হওয়ার পর প্রশিক্ষণার্থীগণের নিজ নিজ ব্যাংক হিসাবে অর্থ স্থানান্তর করা হবে;
৫. প্রশিক্ষণার্থীকে দুই কপি পাসপোর্ট সাইজের রঞ্জন ছবি, ক্যালকুলেটর, ল্যাপটপ, মাপনি স্কেল, রাজস্ব টিকেট, পুরণকৃত ব্যাংক হিসাবের তথ্য-ফরম (সংযুক্ত) এবং প্রতিষ্ঠান প্রধানের ছাড়পত্র সংগে আনতে হবে;
৬. ইতোপূর্বে যারা এ কোর্সে অংশগ্রহণ করেছেন, তাঁদের ক্ষেত্রে এ মনোনয়ন প্রযোজ্য হবে না;
৭. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ এর স্মারক নম্বর মাউশিপ্র/বা-ইউ/৫২৮০ তারিখ ১০-০১-৯৯ এবং ৩৭.০২.০০০০.১১০.১৮.৪১.২০১৬-২৬৫ তারিখ ০৭/০৩/২০১৬ খ্রি. অনুসারে মনোনীত কর্মকর্তাগণের এ কোর্সে অংশগ্রহণ বাধ্যতামূলক। প্রশিক্ষণে মনোনীত কর্মকর্তাগণ প্রশিক্ষণ শুরুর দিন থেকে তাৎক্ষণিক বিমুক্ত বলে গণ্য হবেন। সুতরাং গ্রহণযোগ্য কারণ ছাড়া প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করা থেকে বিরত থাকলে তাঁর বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে;
৮. প্রশিক্ষণ সম্পর্কিত কোনো তথ্য জানতে ড. কল্যানী নন্দী (প্রশিক্ষণ বিশেষজ্ঞ) ও কোর্স সমন্বয়ক (সেল নম্বর: ০১৭১৪৩৫৩৭৩০), ড. মো. আনোয়ারুল হক (প্রশিক্ষণ বিশেষজ্ঞ) ও কোর্স সমন্বয়ক (সেল নম্বর: ০১৭৬৫০৩২৮২২) এবং ড. মো. হারুনুর রশীদ (সহকারী পরিচালক) ও কোর্স সমন্বয়ক (সেল নম্বর: ০১৭১৩০৪৬০৭৩) -এর সংগে যোগাযোগ করা যেতে পারে।
৯. আমন্ত্রণপত্র ও প্রশিক্ষণার্থীগণের তালিকা [www.neam.gov.bd](http://www.neam.gov.bd) -এ ওয়েব সাইটে পাওয়া যাবে;
১০. মনোনীত শিক্ষক-কর্মকর্তা কোর্স শুরুর ০৩(তিন) দিন পূর্বে নায়েম ওয়েবসাইট ([www.naem.gov.bd](http://www.naem.gov.bd))- এর প্রশিক্ষণসংক্রান্ত মেনুর অনলাইন রেজিস্ট্রেশন সাবমেনু থেকে কোর্সে অংশগ্রহণের রেজিস্ট্রেশন সম্পন্ন করবেন।



০৮-০৪-২০২৪

ড. তাহমিনা বেগম  
মহাপরিচালক

০২-৫৫১৬৭৫২৯ (ফোন)

০২-৫৫১৬৭৫২৮ (ফ্যাক্স)

info@naem.gov.bd

প্রভাষক.....।

স্মারক নম্বর: ৩৭.০৪.২৬৬৩.৩০০.২৫.০০৫.১৯.১৪/১ (১১)

তারিখ: ২৫ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ  
০৮ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
- ২। পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ ও বাস্তবায়ন/গবেষণা ও তথ্যায়ন/প্রশাসন ও অর্থ, নায়েম;
- ৩। অধ্যক্ষ .....(মনোনীত ব্যক্তি অন্যত্র বদলী হলে পত্রটি তাঁর বর্তমান কর্মস্থলে প্রেরণের জন্য অনুরোধ করা হলো);
- ৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা;
- ৫। সচিব এর একান্ত সচিব, সচিব এর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়;
- ৬। উপপরিচালক, প্রশিক্ষণ ও বাস্তবায়ন, নায়েম;
- ৭। উপপরিচালক (প্রশাসন ও অর্থ), নায়েম;
- ৮। হোস্টেল সুপারিনটেনডেন্ট (সকল), নায়েম;
- ৯। কম্পিউটার প্রোগ্রামার, নায়েম (এ আদেশটি নায়েমের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধসহ);
- ১০। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, নায়েম এবং
- ১১। অফিস কপি।



০৮-০৪-২০২৪

মো. খোরশেদ আলম  
পরিচালক